


# নিউটন, আইনস্টাইন সাবধান, আমাদের আছে সূবর্ণ -আসাদুজ্জামান



জানি না বাংলাদেশের আকাশ সীমানা কতটুকু। এই সীমানার মধ্যে মহাকাশে কোনো নক্ষত্র আছে কি না? কিংবা থাকলেও তার নাম কি? কিন্তু বাংলাদেশের আকাশ সীমানার দিকে তাকালে আমরা একটি নক্ষত্র দেখতে পাই যার নাম সূবর্ণ আইজ্যাক। এই নক্ষত্রকে আমরা জানতে পারলাম ৬টি বছর পর। এটাকে দুর্ভাগ্য ছাড়া আর কিছুই বলা যায় না। থাক না সেই অভিমানের কথা!

এখন সময় শুধুই সূবর্ণ, শুধুই জয় আর জানার সময়। সূবর্ণকে প্রথম জানতে পারি, যখন শুনি তিন বছরের একটি বাচ্চা পর্যায় সারণী মুখস্থ করেছে, কি সর্বনাশ! এরপর দেখা পেলাম Bari Science Lab, আমাকে আর কে পায়? লাইক দিয়ে আমি নিজেই হয়ে গেলাম সূবর্ণ, কারণ সূবর্ণ যা করে তার প্রায় সবই সহজেই পেয়ে যাই Wall এ, আহা কি আনন্দ!

এরপর শুরু হলো শুধুই আবিষ্কার এবং প্রাপ্তি। সূবর্ণের আবিষ্কারের ঝুড়িটার ভার নেহায়েত কম নয়- ফিবোনাচ্চি রাশিমালা আর গোল্ডেন অনুপাতের জন্য দ্রুত গতির অ্যালগরিদম, নিউ ম্যাথমেটিকস ফর ব্ল্যাক হোল, টপোলজি, ক্যালকুলাস আরও কত কি? হার্ভার্ড, হোয়াইট হাউস

এর দেওয়া স্বীকৃতি তার ভরবেগকে বাড়িয়েছে বহুগুণে।

প্রেসিডেন্ট ওবামা, প্রেসিডেন্ট বুশ, ব্রিটিশ স্পিকার, রানী এলিজাবেথ সুবর্ণের প্রতিভায় মুগ্ধ ও বিস্মিত হয়ে তাকে অভিনন্দন ও তার সাথে সাক্ষাত করার জন্য আমন্ত্রণ পত্র দিয়েছেন।

এতো ছোট্ট একটি ছেলে যার আবিষ্কার এবং প্রাপ্তি দেখে গোটা বিশ্ব আজ অভিভূত আর আমরা সেখানে! আগেই বলেছি এখন সময় শুধুই সুবর্ণের এবং জানার। ভাবতেই অবাক লাগে, যে বয়সে একটা বাচ্চা হাটি হাটি পা পা করে খেলতে থাকার কথা সে বয়সে সুবর্ণ যা কিছু আবিষ্কার ও সমাধান করেছে, সত্যিই যে সবকিছুর সঠিক উচ্চারণও আমরা করতে পারি না। তো কি হয়েছে? সুবর্ণ তো আমার, আমাদের, বাঙালীর, বাংলাদেশের।

গণিত থেকে মহাকাশ, কোথায় নেই সুবর্ণ? সর্বত্রই বিচরণ এই ক্ষুদ্রে বিজ্ঞানীর। সুবর্ণ নোবেল পাবে কি না জানা নেই তবে "প্রাপ্তির চেয়ে প্রত্যাশিত বস্তুকে নিজের অধীনে এনে বশীভূত করার আনন্দও নেহায়েত কম নয়"। সুবর্ণ আইজ্যাক বারী এগিয়ে যাবে নক্ষত্রের মতো আমরা যেন শুনতে ও দেখতে পাই সেই প্রথম লাইনের নক্ষত্রটাকে যে বাংলাদেশের আকাশে অবস্থান করে সমগ্রমহাবিশ্বকে আলোকিত করবে, আর যার দিকে আঙ্গুল তাকিয়ে আমরা বলতে পারব- আইনস্টাইন, নিউটন সাবধান, আমাদের আছে সুবর্ণ। গণিত, পদার্থ, জ্যোতির্বিজ্ঞান কে বলতে চাই আমাদের আছে আর এক বিজ্ঞান যার নাম সুবর্ণ বিজ্ঞান

রংপুরের অধিবাসী লেখক (মো. আসাদুজ্জামান) পদার্থবিজ্ঞানে বিএসসি সম্মাননা অর্জন করেন।

তিনি পদার্থবিজ্ঞানে এমএসও অর্জন করেন